গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
জেনারেল সার্টিফিকেট শাখা ।
www.jhenaidah.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০০৭.১১.০০৭.২১-৯৬(৪০) তারিখ : ০১ ভাদ্র ১৪২৮ বঃ
১৬ আগস্ট ২০২১ খ্রিঃ

**ঝিনাইদহ জেলা এসএমই ঋণ বিতরণ কমিটির জুলাই ২০২১ মাসের সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মজিবর রহমান<br>জেল প্রশাসক |
| সভার তারিখ | ২৮.০৭.২০২১ |
| সভার সময় | ১১.০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |

সবাইকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করা হয়। Zoom Cloud Meeting Apps এর মাধ্যমে সদস্যগণ সভায় অংশগ্রহণ করেন।

সভার শুরুতে শ্রদ্ধাভরে স্মরণ করা হয় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙলি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। গভীরভাবে স্মরণ করা হয় মহান মুক্তিযুদ্ধের (ত্রিশ লক্ষ) শহীদ বীর মুক্তিযোদ্ধাগণ ও শহীদ বুদ্ধিজীবিদেরকে যাদের ত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশ।

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:
১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
২। বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং আলোচনা।
৩। এসএমই ঋণ বিতরণ মনিটরিং সার্বিক কার্যক্রম প্রসঙ্গে।
৪। বিবিধ।

সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভায় কার্যবিবরনী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

সভায় বাংলাদেশ ব্যাংকের প্রতিনিধি জানান, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় তারাই সহজ শর্তে ঋণ পাবে যারা করোনায় ক্ষতিগ্রস্থ হয়েছেন। তাদের জামানত/ মর্গেজবিহীন ঋণ প্রদান করতে ব্যাংকসমূহকে অনুরোধ জানান। তিনি আরো বলেন যে ব্যাংক মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় সেরা হবে তাদেরকে পুরস্কার প্রদান করা হবে। প্রত্যেক ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠান নিজ নিজ সিএমএসএমই ডাটাবেজ গড়ে তুলবে। ডাটাবেজ গ্রাহক প্রতিষ্ঠান/ মালিকের ব্যক্তিগত ও ব্যবসায়ী তথ্য, সঞ্চয় ও ঋণ বিষয়ক তথ্য ব্যবসায়ীক সাফল্য তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।

চলমান পাতা-২

Scanned with CamScanner

তিনি আরো উল্লেখ করে বলেন COVID-19 মহামারীর ফলে সৃষ্ট অর্থিক মন্দায় ক্ষতিগ্রস্থ না হলে কোন উদ্যোক্তা মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ গ্রহণের উপযুক্ত বলে বিবেচিত হবেন না। প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণের ক্ষেতে গ্রাহকদের বিধি সম্মতভাবে সহযোগিতা করতে হবে। ব্যাংক এতে কোন অসহযোগিতা/ দূর্নীতির আশ্রয় নিলে এবং সুনির্দিষ্ট অভিযোগ প্রমাণিত হলে বাংলাদেশ ব্যাংক যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবে।

জনাব সেলিনা রহমান, উপ-ব্যবস্থাপক,বিসিক বলেন, বিসিক শিল্প নগরীতে হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে। COVID-19 রোধে লগডাউনের কারণে ক্ষতিগ্রস্থদের এনওসি দেয়া হয়েছে। গ্রাহকগণ যাতে সময়মত ঋণ পেতে পারে এ বিষয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে। তিনি মামনীয় প্রধানমন্ত্রী ঘেষিত প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ প্রদান বৃদ্ধির জন্য জোর সুপারিশ করেন। ই-মেইলের মাধমে ঋণ প্রদানের জন্য তিনি সুপরিশ করেন। তিনি আরো উল্লেখ করেন, যুক্তি সংগত কারণ ছাড়া ঋণ প্রদান করিতে না পারলে তার কারণ উদ্যেক্তাকে জানাতে হবে। তিনি সভাকে আরো বলেন যে , অনেক ক্ষুদ্র উদ্যেক্তার ঋণ গ্রহণের আবেদন থাকলেও ব্যাংক থেকে তা বিধি সম্মতভাবে নিষ্পত্তি করা হচ্ছে না। ঋণ প্রদানের হার আশা ব্যঞ্জক নয় ।

এসএমই ঋণ বিতরণ মনিটরিং কমিটির অন্যান্য সদস্যগণ ঋণ বিতরণ কার্যক্রমের উপর তাদের স্ব- স্ব মতামত ব্যক্ত করেন।

সভাপতি মহোদয় বলেন, মাননীয় প্রধানমন্ত্রী COVID-19 এর কারণে সৃষ্ট বৈশ্বিক মহামারীতে বিশ্বব্যাপী লগডাউনের কারণে সৃষ্ট আর্থিক মন্দার কারণে আর্থিক ক্ষতি কাটিয়ে উঠার জন্য বিশেষ প্রণোদনা প্যাকেজ ঘোষনা দিয়েছেন এবং ২০,০০০/- কোটি টাকার প্রণোদনা প্যাকেজ ঘোষনা করেছেন। তিনি এ ক্ষতি কাটিয়ে উঠতে প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ বিতরণ বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করেন। এপ্রসঙ্গে তিনি সংশ্লিষ্ট সকল ব্যাংকের প্রতি বিশেষ গুরুত্ব আরোপ করেন। ক্ষুদ্র ও মাঝারী উদ্যেক্তাদের প্রতি দৃষ্টি দেয়ার জন্য ও ব্যাংকের প্রতি দৃষ্টি আকর্ষণ করেন।



Scanned with CamScanner

ব্যাংক এশিয়া (লীড ব্যাংক), ঝিনাইদহ জানান, ঝিনাইদহ জেলায় মোট ৯১,৬০,৫৩,৯৯৪/- (একানব্বই কোটি ষাট লক্ষ তিপান্ন হজার নয়শত চুরানব্বই টাকা) বিতরণ করা হয়েছে। এর মধ্যে জুলাই /২০২১ মাসে ১২৬ জন উদ্যেক্তাকে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, ঝিনাইদহ ১,৪৩,৫০,০০০/- (এককোটি তেয়াল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার টাকা) ঋূণ বিতরণ করেছেন। তিনি আরো বলেন, আর কোন ব্যাংক/ প্রতিষ্ঠান জুলাই/২০২১ মাসে এসএমই আওতায় কোন ঋণ বিতরণ করেননি। ঋণ বিতরণের হার কম হওয়ায় সভাপতি মহোদয় ক্ষোভ প্রকাশ করেন। সভাপতি মহোদয় বিসিক, ঝিনাইদহ চেম্বার অব কমার্স, ঝিনাইদহ এবং নাসিব ঝিনাইদহকে ব্যাংকসমূহের সাথে সমম্বয় করে এসএমই উদ্যেক্তাতাদের সহায়তার জন্য শিল্প সহায়ক কেন্দ্র/ উদ্যেক্তা পরামর্শ কেন্দ্র স্থাপনের জন্য আহবান জানান। তিনি নারী উদ্যেক্তাদের জন্য শিল্প সহায়তা কেন্দ্র স্থাপনের অনুরোধ জানান। এ ব্যাপারে তিনি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে চেম্বার অব কমার্স,ঝিনাইদহ এবং বিসিকের সাথে বিস্তারিত আলোচনায় বসার জন্য পরামর্শ প্রদান করেন।

বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপনের আলোকে এসএমই উদ্যেক্তাগণ যাতে যথাসময়ে ঋণ সেবা পায় সে বিষয়ে ব্যাংক ম্যানেজারদের বিশেষ সজাগ দৃষ্টি রাখার আহবান জানান।

বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১ | সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ ব্যাংকের একজন কর্মকর্তা ও কর্মচারীর সমম্বয়ে হেল্প ডেক্স/ পরামর্শ কেন্দ্র খুলবে, যা ঋণ গ্রহীতাদের ঋণ পেতে সাহায্য করবে। | স্ব-স্ব ব্যাংক কর্তৃপক্ষ |
| ০২ | সকল ব্যাংক প্রতি মাসের ৫ তারিখে লীড ব্যাংকে প্রতিবেদন পাঠাবে লীড ব্যাংক প্রতিবেদন সমম্বয় পূর্বক জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করবেন। | জেলা প্রশাসন ঝিনাইদহ, ব্যাংক সমূহ, লীড ব্যাংক, বিসিক ও অন্যান্য ব্যাংক |
| ০৩ | মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় এসএমই ঋণ পাওয়ার জন্য গ্রাহককে ঋূণ প্রাপ্তির জন্য কিকি শর্তাবলী পূরণ করতে হবে তার তালিকা প্রস্তুত করে সর্বসাধারণের মাঝে প্রচারের ব্যবস্থা করতে হবে। | লীড ব্যাংকসহ অন্যান্য ব্যাংক |
| ০৪ | ঋণ আবেদন প্রাপ্তির ১০ কার্যদিবসের মধ্যে ঋণ প্রদানের বিষযে সিদ্ধান্ত প্রদান করত: সংশ্লিষ্ট গ্রাহককে লিখিতভাবে জানাতে হবে। | লীড ব্যাংকসহ অন্যান্য ব্যাংক |
| ০৫ | ঋণ বিতরণ কার্যক্রম স্বচ্ছতা নিশ্চিত করতে হবে। | লীড ব্যাংকসহ অন্যান্য ব্যাংক |

চলমান পাতা-৪

Scanned with CamScanner

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক
ঝিনাইদহ।
☎ ০৪৫১-৬২৩০১
dcjhenaidah@mopa.gov.bd

স্মারক নম্বর-০৫.৪৪.৪৪০০.০০৭.১১.০০৭.২১-৯৬(৪০)

তারিখ : ০১ ভাদ্র ১৪২৮ বঃ
১৬ আগস্ট ২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য জ্যেষ্ঠতার ক্রমনুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, শিল্প মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। গর্ভনার বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, খুলনা।
০৬। চেয়ারম্যান, বিসিক শিল্পনগরী, মতিঝিল, ঢাকা।
০৭। ব্যবস্থাপক পরিচালক,এসএমই ফাউন্ডেশন, পান্থপথ ঢাকা।
০৮। পুলিশ সুপার,ঝিনাইদহ।
০৯। সিভিল সার্জন, ঝিনাইদহ।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),ঝিনাইদহ।
১১। উপ ব্যবস্থাপক, শিসকে,বিসিক,ঝিনাইদহ।
১২। সভাপতি, চেম্বর অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ,ঝিনাইদহ।
১৩। জনাব—————————————————————।

জেলা প্রশাসক
ঝিনাইদহ।

Scanned with CamScanner